

**বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের অক্টোবর ২০১৬ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : আ: গাফফার খান, যুগ্ম সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য ও পরিবার  
কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ, (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।

সভার তারিখ ও সময় : ৩০.১০.২০১৬ খ্রিঃ, সকালঃ ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক সভার এবং ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরে বলেন, মন্ত্রণালয়ের মাসিক ইনোভেশন সভা নিয়মিত আয়োজন করতে হবে। অধিদপ্তর/দপ্তরসমূহ মাসের প্রথম সপ্তাহে এবং মন্ত্রণালয় মাসের দ্বিতীয় সপ্তাহে সভার আয়োজন করবে। ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ মন্ত্রণালয়ের প্রত্যেক অধিদপ্তর ও দপ্তরসমূহকে সম্পন্ন করতে হবে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধিকাংশ অধিদপ্তরে ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ সম্পন্ন না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং আগামী নভেম্বরের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করার অনুরোধ জানান। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে কোন জিজ্ঞাসা থাকলে তা মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার অথবা প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের জনাব মাহবুবুর রহমানের সঙ্গে যোগাযোগের অনুরোধ জানানো হয়। তিনি আরও উল্লেখ করেন যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের ৩৬টি পাইলট প্রকল্পের মধ্যে ২২টি পাইলট প্রকল্প ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এখন এগুলো শোকেসিং এ যাবে। আগামী ২১ নভেম্বর, ২০১৬ স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস অডিটোরিয়ামে সমাপ্ত পাইলট প্রকল্পগুলির শোকেসিং অনুষ্ঠিত হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের উপস্থিতির সম্ভাবনা রয়েছে। শোকেসিং থেকেই কিছু কিছু প্রকল্প রেল্লিকেশনের জন্য প্রয়োজনানুসারে বিভাগীয় অথবা জাতীয় পর্যায়ে পাইলটিং হিসাবে নেয়া হবে।

০২. সভাপতি অধিদপ্তরসমূহকে ইনোভেশন কার্যক্রম তদারকি এবং মেন্টর নিয়োগের তাগিদ দেন যাতে পাইলটিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারে। এছাড়া কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে নিয়মিত পরিদর্শনের সময় ইনোভেশন প্রকল্পসমূহ ও পরিদর্শনের জন্য অনুরোধ জানান। তিনি আরো অধিদপ্তরসমূহকে প্রশিক্ষণ ম্যানুয়ালে ইনোভেশনকে অন্তর্ভুক্ত, ফেজবুকে ইনোভেশন পেজ খুলে মন্ত্রণালয়ের এবং এটুআই ওয়েব পোর্টালে সংযোগ করার অনুরোধ জানান।

০৩. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব (প্রশাসন-৪) ও সদস্য ইনোভেশন টিম জানান, গত সভার সিদ্ধান্ত মোতাবেক ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) দিনের প্রশিক্ষণ মন্ত্রণালয় ও নিমিউ সম্পন্ন করেছে। অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান। প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন অন্তর্ভুক্তি মাঠ পর্যায়ে কাজগুলো পরিদর্শন, বদলিজানিত কারণে পদ শূন্য হলে ইনোভেশন টিম পূর্ণগঠন, বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ কাজের স্বীকৃতির ডিও লেটার প্রেরণ সংক্রান্ত বিষয়ের অগ্রগতি সম্পর্কে হালনাগাদ তথ্য প্রদানের জন্য সভায় উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহে নিয়মিত মাসিক সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত এজেন্ডা অন্তর্ভুক্তির অনুরোধ জানান।

০৪. জনাব অজয় রতন বড়ুয়া, উপ-পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর জানান, বিভিন্ন ইনোভেশন প্রকল্প ফান্ডের অপ্রতুলতার কারণে গ্রহণ করা যায় না। এ ব্যাপারে পর্যাপ্ত ফান্ডের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। তিনি আরো জানান, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ইতোমধ্যে মেন্টর নিয়োগের কাজ সম্পন্ন করেছে এবং একটি তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয় এবং বিভাগীয় পর্যায়ে প্রশিক্ষণে অধিদপ্তরসমূহকে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান। তিনি আরো জানান, পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক শীঘ্রই ০৭ (সাত) জন ইনোভেটরকে ল্যাপটপ পুরস্কার দেয়া হবে।

০৫. জনাব আব্দুল হামিদ মোড়ল, উর্ধ্বতন প্রশিক্ষক নিপোর্ট জানান, নিপোর্টে প্রশিক্ষণ ম্যানুয়ালে ইনোভেশন অন্তর্ভুক্ত করার বিষয়টি প্রক্রিয়াধীন।

০৬. জনাব আশরাফুল আলম সিন্ধু এক্সিস টেকনোলজি জানান, সিন্ধু এক্সিস টেকনোলজি ২০১৪ সালে প্রজেক্ট শুরু করে। পশু হাসপাতালের সাথে যৌথভাবে প্রতিষ্ঠানটি হতে আর্টিফিশিয়াল লিম্ব তৈরী করা হয়। প্রকল্পটি শোকেসিং করা হয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়ে। পাইলটিংও ইতোমধ্যে শেষ হয়েছে। এখন রেল্লিকেশনে যাবে।

০৭. প্রফেসর ডঃ সিদ্দিক-ই-রক্বানী, অনারারী প্রফেসর, বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি, ঢাকা বিশ্ববিদ্যালয় জানান, তাদের প্রকল্পটি ৩য় রাউন্ডে অন্তর্ভুক্ত হয়। ফিল্ড ট্রায়াল অব টেলিমেডিসিন, পিসিবেজড ডায়াগনস্টিক,

দেশব্যাপী জনস্বাস্থ্যের স্বার্থে সরকারি হাসপাতাল ও অন্যান্য পরিচালনা করা করা ২০১৩ সালে প্রথম প্রথম ২০১৩ সালে এটুআই ফান্ডে অন্তর্ভুক্ত হয়। ১২টি সেন্টার চালু করার চিন্তাভাবনা থাকলেও ২০১৫ পর্যন্ত ৯টি সেন্টার চালু করা হয়েছে।

০৮. জনাব রাজিবুল হাবিব, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর জানান, প্রতিষ্ঠানটির প্রজেক্ট রাউন্ড-৪ এ অন্তর্ভুক্ত হয়েছে। প্রজেক্টটি পাইলটিং এ যাচ্ছে। ঔষধ প্রশাসন এই প্রজেক্টের মাধ্যমে একটি ওয়েব পোর্টাল তৈরী করেছে। ওয়েব পোর্টালটির দ্বারা দেশের জনগণ আসল-নকল ঔষধ নির্ণয় করতে পারবে প্যাকেটে ব্যাচ নং দেখে সার্চ দিয়ে। এসএমএস এর সাহায্যে ঔষধের বিরূপ প্রতিক্রিয়া সম্পর্কে অভিযোগ করতে পারবে। ঔষধের আসল মূল্য জানতে পারবে।

০৯. ডঃ মোহাম্মদ মনিরুজ্জামান খান, আইসিটি জুম লিঃ জানান, প্রতিষ্ঠানটির প্রজেক্ট ডেভেলপমেন্ট অব রিমোট পেশেন্ট মনিটরিং সিস্টেম ইউসিং ওয়্যারাবল সেন্সর। প্রজেক্টটির বেজলাইন সার্ভে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, বারডেম এবং মহাখালী সিওপিডি হাসপাতালে সম্পন্ন হয়েছে। দূরের রোগীদের পর্যবেক্ষণ করার জন্য এনরয়েড মোবাইল এপ্লিকেশন ডেভেলপ করা হয়েছে। ডাক্তারগণ যাতে পর্যবেক্ষণ করতে পারে সেজন্য ওয়েব পোর্টাল ডেভেলপ করা হয়েছে। তারযুক্ত স্মার্ট সেন্সর ডিভাইজ বিদেশ থেকে আমদানী করা হবে। প্রতিষ্ঠানটি তারযুক্ত স্মার্ট সেন্সর ডিভাইজ এর সঙ্গে সফটওয়্যার একীভূতকরণের কাজ করছে।

১০. জনাব মঈনুল হদা, এটিএন নিউজ জানান, প্রজেক্টের নাম কানেকটিং বাংলাদেশ-স্বাস্থ্য সেবা। গত ৫ বছরে কানেকটিং বাংলাদেশ এর অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি নারীরা বিশেষ করে গ্রামীণ নারীরা তাদের স্বাস্থ্য সম্পর্কে সচেতন না। অনন্যোপায় না হলে তারা চিকিৎসা সেবা নিতে যান না। সরকারি চিকিৎসা সুবিধা সত্ত্বেও নারীরা স্বাস্থ্য সেবা নেন না। নানারকম পারিবারিক ও সামাজিক সংস্কার ও তথ্যের অভাবে। একটি সফটওয়্যার ডেভেলপ করা হবে যার মাধ্যমে নারীরা স্বাস্থ্য সেবা সম্পর্কিত তথ্য পাবেন, সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করিয়ে দেয়া হবে। ইউনিয়ন নারী তথ্যকর্মীদের প্রশিক্ষণ দেবে নারীদের সহায়তা দিতে এবং স্বাস্থ্যবিষয়ক তথ্য সংগ্রহে এবং গ্রামীণ নারীদের সঠিক স্বাস্থ্য সেবা গ্রহণে যোগাযোগ ঘটিয়ে দিতে। নারীরা সরাসরি বিশেষজ্ঞ পরামর্শ পাবেন অনুষ্ঠানের মাধ্যমে /এস এম এস/ ইমেইল/অন্যান্য নেটভিত্তিক মাধ্যমে। ফলে সেবা গ্রহণকারীদের একটি ডাটাবেজ গড়ে উঠবে। নারী তথ্যকর্মীদের ক্ষমতায়ন হবে ও আর্থিক সুবিধা পাবে। ইতোমধ্যে প্রকল্প এলাকা জামালপুরের তিনটি উপজেলার ৬ টি ইউনিয়নে জরিপ হয়েছে। জরীপে প্রাপ্ত তথ্য এন্ট্রি ও ডাটা অ্যানালিসিস এর কাজ চলছে। সফটওয়্যার ডেভেলপমেন্ট এর কাজ প্রায় সম্পন্ন।

১১. ইঞ্জিনিয়ার এম জাকির আহমেদ, ম্যানেজিং ডাইরেক্টর, ইনোসল আইটি জানান, ডায়ারোবো একটি মোবাইল এ্যাপস। এটি ডায়াবেটিক রোগীদের সঙ্গে থাকবে ইন্টেলিজেন্ট ডায়াবেটিক রোবোট হিসাবে। এই এ্যাপসের মাধ্যমে কোম্পানী রোগীদের বিভিন্ন তথ্য সরবরাহ, সময় ব্যবস্থাপনা, প্রেরণা দেওয়া এবং পথ প্রদর্শনের মাধ্যমে ২৪ ঘন্টা সহায়তা করবে। প্রজেক্টটি চালু করার লক্ষ্যে প্রতিষ্ঠানটি সিস্টেমের জন্য প্রয়োজনীয় বিআরডি, এসআরএস এবং এসডিডি পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করেছে। এখন এটি পাইলটিং এ যাওয়ার অপেক্ষায় রয়েছে।

১২. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১২.১: ইনোভেশনের উপর এটুআই কর্তৃক বাছাইকৃত ৩৬টি প্রকল্পের মধ্যে ২৩টি প্রকল্প সম্পন্ন হয়েছে। বাকি ১৩টি প্রকল্প দ্রুত সম্পন্ন করতে হবে।

১২.২: অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহে ইনোভেশনের উপর ২ (দুই) দিনের প্রশিক্ষণ নভেম্বরের ১০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

১২.৩: ইনোভেশন প্রকল্পে নিয়োগকৃত মেন্টরদের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

১২.৪: প্রকল্পের সফলতার ইতিহাস ও সমস্যা লিপিবদ্ধ করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

১৩. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ২১.১১.২০১৬

(আ: গাফফার খান)

যুগ্ম-সচিব (প্রশাসন) ও

চিফ ইনোভেশন অফিসার

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-২৮৩

তারিখঃ ২২.১১.২০১৬খিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):


১. উপসচিব (জনস্বাস্থ্য-১/প্রবা-৩/প্রশাসন- ১) অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২. পরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারি ভবন, তোপখানা রোড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৩. উপপ্রধান (স্বাস্থ্য), পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ ঔষধ প্রশাসন অধিদপ্তর/নিপোর্ট), ঢাকা।
৬. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, সেবা পরিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা।
১০. Md. Ashraful Alam, Chief Technology Officer, 6 Axis Technologies, 868, Shewrapara, Mirpur-1216
১১. Dr Mohammad Monirujjaman Khan, Managing Director, ICT Zoom Limited , Ka-62/1, 1st Floor, Kuril, ProgotiSarani, Dhaka-122
১২. K Siddique-e Rabbani, Honorary Professor, Dept of Biomedical Physics & Technology, Room 14-16, Curzon Hall building, University of Dhaka, Dhaka 1000, Bangladesh.
১৩. Engr M Jakir Ahammad, Inosol IT, 17/6/1 Tolarbug, Mipur-01, Dhaka-1216
১৪. Md Moynul Huda Khan, Editor – Operations, ATN News Ltd. Hasan Plaza, 53 Karwan bazaar, Dhaka – 1215
১৫. Engr. Hasan Mahmud Zilany, Director, Bicroon Limited, 125, VIP TOWER (2nd Floor), Kazir Dewri, Chittagong-4000.
১৬. Md. Razibul Habib, Superintendent of Drugs, Directorate General of Drug Administration, Oushud Bhaban. Mohakhali, Dhaka
১৭. Sami-UI-Washek, CEO, Back Packer Club, 706, Shahidbagh (2nd floor), Uttar Shahajahanpur Dhaka-1217

**কার্যার্থেঃ**

১. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

  
 মোহাম্মদ মাসির উদ্দিন  
 উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-[monitor@mohfw.gov.bd](mailto:monitor@mohfw.gov.bd)